প্রতিবন্ধীদের জন্য সুবিধাজনক বাসস্থান পাওয়ার ক্ষেত্রে ভাড়াটিয়াদের অধিকার প্রকাশের বিজ্ঞপ্তি

সুবিধাজনক বাসস্থান

নিউ ইয়র্ক স্টেট মানবাধিকার আইন অনুযায়ী বাসস্থান প্রদানকারীদের প্রতিবন্ধীদের চাহিদা অনুযায়ী সুবিধাজনক বাসস্থান দিতে হবে অথবা বিল্ডিং বা থাকার জায়গায় কিছু পরিবর্তন করে দিতে হবে। যেমন, আপনার যদি শারীরিক, মানসিক বা চিকিৎসাগত প্রতিবন্ধকতা থাকে, তাহলে আপনি আপনার বাড়িওয়ালাকে বিল্ডিংয়ের সাধারণ জায়গা ব্যবহার করতে দিতে বলতে পারেন অথবা নিজের চাহিদা পূরণের জন্য নির্দিষ্ট কিছু নীতি বদলাতে বলতে পারেন।

সুবিধাজনক বাসস্থানের অনুরোধ করার জন্য আপনি আপনার বাড়িওয়ালার সঙ্গে যোগাযোগ করতে পারেন

____________________ বা____________________ নম্বরে অথবা ইমেইল করতে পারেন এখানে____________________[*]।

Management Tel. # Additional Management Tel. # Mangement email

আপনাকে বাড়িওয়ালাকে জানাতে হবে যে আপনার প্রতিবন্ধকতা আছে বা শারীরিক সমস্যা আছে, যার ফলে বাসস্থান ব্যবহারে আপনার সমস্যা হচ্ছে এবং আপনার বাড়িওয়ালার দ্বারা প্রদত্ত সাধারণ স্থান বা সুবিধা বা পরিষেবাগুলি সমানভাবে অ্যাক্সেস করা ও ব্যবহার করার সুবিধাগুলি আবশ্যক হওয়ায় আপনি বাসস্থানের অনুরোধ করছেন। বাড়িওয়ালা চিকিৎসাগত তথ্য চাইতে পারেন, যদি প্রতিবন্ধকতা বাহ্যিকভাবে প্রকাশ না পায় এবং বাসস্থানের চাহিদা প্রতিবন্ধকতা সম্বন্ধীয় হয়।

যদি আপনি মনে করেন যে আপনার প্রতিবন্ধকতার জন্য সুবিধাজনক বাসস্থান প্রদান করা হয়নি থবা আপনি সুবিধাজনক বাসস্থানের অনুরোধ করেছেন বলে আপনাকে বাসস্থান দেওয়া হহয়নি বা আপনার বিরুদ্ধে প্রতিশোধ নেওয়া হয়েছে, তাহলে আপনি এই বিজ্ঞপ্তির শেষে ব্যাখ্যা অনুযায়ী নিউ ইয়র্ক স্টেট মানবাধিকার বিভাগে একটি অভিযোগ দায়ের করতে পারেন।

নির্দিষ্টভাবে, আপনার যদি শারীরিক, মানসিক বা চিকিৎসাগত প্রতিবন্ধকতা থাকে, তাহলে আপনি অনুরোধ করতে পারেন:[†]

আপনার বাসস্থানের ভিতরে ব্যবহারের সুবিধার জন্য অভ্যন্তরীণ পরিবর্তনের অনুমতি (তবে, আপনাকে এই পরিবর্তনের জন্য অর্থ দিতে হবে এবং ভাড়ার ক্ষেত্রে আপনার বাড়িওয়ালা আপনাকে বলতে পারেন যে আপনি যখন বাইরে যাবেন, তখন যেন সেটিকে আগের অবস্থায় করে দিয়ে যান); আপনার বাড়িওয়ালার নিয়ম, নীতি, অনুশীলন বা পরিষেবায় পরিবর্তন; বিল্ডিংয়ের সাধারণ অঞ্চলে পরিবর্তন, যাতে আপনি বিল্ডিং ব্যবহারের সমান সুযোগ পান। নিউ ইয়র্ক স্টেট মানবাধিকার আইন অনুযায়ী বাসস্থান প্রদানকারীদের সাধারণ জায়গায় সুবিধাজনক পরিবর্তনের জন্য অর্থ দিতে হবে।

নিউ ইয়র্ক স্টেট মানবাধিকার আইনের অধীনে যে সুবিধাজনক পরিবর্তন ও বাসস্থানের জন্য অনুরোধ করা যায়, সেগুলির উদাহরণের মধ্যে রয়েছে:

আপনার যদি চলাফেরায় সমস্যা থাকে, তাহলে আপনার বাড়িওয়ালা একটি র‍্যাম্প বা অন্য কোনও সুবিধাজনক উপায় দিতে পারেন, যাতে আপনি বিল্ডিং থেকে বেরোতে ও ঢুকতে পারেন।

---

[*] উপরে 466.15(d)(1)-এর অধীনে প্রদানকারী হলে তাঁকে যোগাযোগের তথ্য অবশ্যই বিজ্ঞপ্তিতে থাকতে হবে। তবে, (d)(2)-এর অধীনে প্রদানকারী হলে ও এই তথ্য জানা না থাকলে বাক্যটি এরূপ হতে পারে, "সুবিধাজনক বাসস্থানের অনুরোধ করার জন্য আপনি আপনার বাড়িওয়ালার সঙ্গে যোগাযোগ করতে পারেন"।

[†] এই বিজ্ঞপ্তিটি নিউ ইয়র্ক স্টেট মানবাধিকার আইনের অধীনে আপনার অধিকার সম্বন্ধে তথ্য প্রদান করে, যেটি নিউ ইয়র্ক স্টেটের যে কোনও স্থানে অবস্থিত ব্যক্তির ক্ষেত্রে প্রযোজ্য। এই বিজ্ঞপ্তিতে উল্লিখিত ব্যক্তি ছাড়াও স্থানীয় আইন অতিরিক্ত নিরাপত্তা প্রদান করতে পারে, কিন্তু স্থানীয় আইন আপনার নিরাপত্তা কমাতে পারে না।

আপনার স্বাস্থ্যসেবা প্রদানকারী যদি লিখিতভাবে জানান যে কোনও প্রাণী আপনার সঙ্গে থাকলে সে আপনার প্রতিবন্ধকতায় সাহায্য করতে পারে, তাহলে আপনি "পোষ্য থাকবে না" নিয়ম থাকা সত্ত্বেও আপনার বাড়িতে কোনও প্রাণীকে রাখার অনুমতি পাবেন।

আপনার বাথরুমে যদি গ্র্যাব বার প্রয়োজন হয়, তাহলে আপনি নিজের খরচায় সেগুলি লাগিয়ে দিতে বলতে পারেন। আপনার বাসস্থান যদি 13ই মার্চ, 1991 সালের পরে প্রথম ভাড়ার জন্য তৈরি হয়ে থাকে এবং গ্র্যাব বার লাগানোর জন্য দেওয়ালগুলি আবার সারানোর প্রয়োজন হয়, তাহলে এর জন্য অবশ্যই আপনার বাড়িওয়ালা অর্থ দেবেন।

আপনার প্রতিবন্ধকতার জন্য যদি আপনার ইউনিটের কাছাকাছি পার্কিংয়ের জায়গা প্রয়োজন হয়, তাহলে আপনি আপনার বাড়িওয়ালাকে পার্কিংয়ের জায়গা দিতে বলতে পারেন অথবা কোনও সংলগ্ন জায়গা ফাঁকা না থাকলে অপেক্ষার তালিকায় আপনার নামকে সবার আগে রাখতে বলতে পারেন।

আপনার যদি দৃষ্টিশক্তিতে সমস্যা থাকে এবং অন্য কোনও ফরম্যাট, যেমন বড় হরফে ছাপাসহ মুদ্রিত বিজ্ঞপ্তি চান অথবা বিজ্ঞপ্তিগুলি ইলেক্ট্রনিকভাবে পেতে চান, তাহলে আপনি বাড়িওয়ালাকে অনুরোধ করতে পারেন।

প্রয়োজনীয় ব্যবহারের মান

13ই মার্চ, 1991 তারিখের পরে ব্যবহারের জন্য তৈরি সব বিল্ডিংগুলিকে নিম্নলিখিত মান পূরণ করতে হবে: পাবলিক ও সাধারণ অঞ্চলগুলি অবশ্যই প্রতিবন্ধীদের যাওয়া ও ব্যবহারের জন্য তৈরি থাকবে।

হুইলচেয়ারে থাকা ব্যক্তির জন্য দরজাগুলিকে যথেষ্ট চওড়া রাখতে হবে; এবং

একাধিক পরিবারের জন্য তৈরি সবকটি বিল্ডিংয়ে ব্যবহারযোগ্য প্যাসেজওয়ে, ফিক্সচার, আউটলেট, থার্মোস্ট্যাট, বাথরুম ও রান্নাঘর থাকতে হবে।

আপনার যদি মনে হয় যে আপনার বিল্ডিং প্রয়োজনীয় ব্যবহারের মান পূরণ করে না, তাহলে আপনি নিউ ইয়র্ক স্টেট মানবাধিকার বিভাগে একটি অভিযোগ দায়ের করতে পারেন।

অভিযোগ কীভাবে দায়ের করবেন

অভিযোগে বর্ণিত বৈষম্যমূলক কাজের এক বছরের মধ্যে বিভাগের কাছে বা অভিযোগে বর্ণিত বৈষম্যমূলক কাজের তিন বছরের মধ্যে আদালতে অভিযোগ দায়ের করতে হবে। আপনি www.dhr.ny.gov ওয়েবসাইট থেকে বা 1-888-392-3644. নম্বরে ফোন করে আপনার অধিকার ও অভিযোগ দায়ের করার প্রক্রিয়া সম্বন্ধে আরও তথ্য জানতে পারেন। আপনি ওয়েবসাইটে অভিযোগের ফর্ম পেতে পারেন বা কেউ আপনাকে সেটি ইমেইলের মাধ্যমে বা ডাকযোগে পাঠাতে পারেন। আপনি বিভাগের একটি আঞ্চলিক কার্যালয়েও ফোন বা ইমেইল করতে পারেন। ওয়েবসাইটে আঞ্চলিক কার্যালয়গুলি তালিকাভুক্ত আছে।